

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৭৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الثَّنِفْ

### আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَوْ كَانَتِ الدُّنْيَا تَعْدِلُ عِنْدَ اللَّهِ جَنَاحَ بَعُوضَةٍ مَا سَقَى كَافِرًا مِنْهَا شربة» رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذيّ وَابْن مَاجَه

سنده ضعيف ، رواه احمد (لم اجده) و الترمذى (2320 وقال: صحيح غريب) و ابن ماجم (4110) \* عبدالحميد بن سليمان ضعيف و للحديث شاهد ضعيف عند القضاعي في مسند الشهاب (1439) -

#### বাংলা

৫১৭৭-[২৩] সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যদি দুনিয়ার মূল্য আল্লাহ তা'আলার কাছে মাছির একটি পাখার সমমূল্য পরিমাণ হত তাহলে তিনি কোন কাফিরকে দুনিয়াতে এক ঢোক পানিও পান করাতেন না। (আহমাদ, তিরমিয়া ও ইবনু মাজাহ)।

## ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ, তিরমিয়ী ২৩২০, ইবনু মাজাহ ৪১১০, সিলসিলাতুস সহীহাহ্ ৬৮৬, সহীহুল জামি' ৬, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩২৪০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৪৩২৪, শুআবুল ঈমান ১১৪৬৫, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ৫৭০৭, আল মুসতাদরাক লিল হাকিম ৭৮৪৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা : (لَوْ كَانَتِ الدُّنْيَا تَعْدِلُ عِنْدَ اللَّهِ جَنَاحَ بَعُوضَةٍ مَا سَقَى كَافِرًا مِنْهَا شربة) উক্ত হাদীসের সারমর্ম হলো



এই যে আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার নিকট দুনিয়ার মূল্য এবং মর্যাদা অত্যন্ত নগণ্য। সামান্য মাছির ডানা পরিমাণও নয়। অর্থাৎ একশতের ভিতর শূন্যেরও নিচে। এজন্য দুনিয়াতে মুমিন মুশরিক সবাই আহার পায় এবং সমানভাবে বিচরণ করতে পারে। পক্ষান্তরে আল্লাহর কাছে যদি সরিষার দানা পরিমাণ মূল্য থাকত তবে আল্লাহর অনুগ্রহ শুধু মু'মিনরাই ভোগ করত। (তুহফাতুল আহওয়াযী ৬৯ খণ্ড, হা, ২৩২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন